

# প্রেস রিলিজঃ

তারিখঃ ৩ জানুয়ারী ২০১৩, সিডনী।

## আওয়ামী লীগ অষ্ট্রেলিয়া

বাংলাদেশ আওয়ামী লীগ (অষ্ট্রেলিয়া)র ভাবমূর্তি বিবেচনা করে অধ্যাপক শামস্ রহমানের নেতৃত্বাধীন আওয়ামী লীগ অষ্ট্রেলিয়া শাখার কার্যক্রমকে অধিকতর শক্তিশালী করার লক্ষ্যে আমি, হারুন রশিদ আজাদ, আহবায়ক, আওয়ামী লীগ অষ্ট্রেলিয়া, এবং আমি, মোঃ শাহ আলম, সদস্য সচিব

আওয়ামী লীগ অষ্ট্রেলিয়া, এই মর্মে ঘোষণা করছি যে আমাদের নেতৃত্বাধীন বাংলাদেশ আওয়ামী লীগ অষ্ট্রেলিয়ার বিলুপ্ত ঘোষণা করছি এবং সেই সাথে আমাদের সংগঠনের সকল সদস্য ও নেতা-কর্মী নিয়ে অধ্যাপক শামস্ রহমানের নেতৃত্বাধীন আওয়ামী লীগ অষ্ট্রেলিয়া শাখার সকল নেতা-কর্মীদের সাথে একত্রে কাজ করার ঘোষণা দিচ্ছি।

উভয় সংগঠনের নেতা-কর্মীদের মিলিত উদ্যোগে শীঘ্রই কাউনসিল অধিবেশনের মাধ্যমে একটি শক্তিশালী কমিটি গঠিত হবে।

হারুন রশিদ আজাদ  
আহবায়ক

মোঃ শাহ আলম  
সদস্য সচিব

## আওয়ামী লীগ অষ্ট্রেলিয়া শাখা

আমি, অধ্যাপক শামস্ রহমান, সভাপতি, আওয়ামী লীগ অষ্ট্রেলিয়া শাখা, এবং আমি, আনিসুর রহমান রিতু

সাধারণ সম্পাদক, আওয়ামী লীগ অষ্ট্রেলিয়া শাখা, জনাব হারুন রশিদ আজাদ ও তাঁর সংগঠনের নেতা-কর্মীদের সিদ্ধান্তকে আন্তরিকভাবে স্বাগত জানাচ্ছি।

শীঘ্রই ঐক্যবদ্ধভাবে একটি শক্তিশালী কমিটি করার লক্ষ্যে আমরা বদ্ধপরিকর।

অধ্যাপক শামস্ রহমান  
সভাপতি

আনিসুর রহমান রিতু  
সাধারণ সম্পাদক